# ভারত প্রত্যাগত শরণার্থীদের প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সংক্রান্ত টাস্কফোর্স এর ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : যতীন্দ্র লাল ত্রিপুরা<br>চেয়ারম্যান (প্রতিমন্ত্রীর পদমর্যাদা)<br>ভারত প্রত্যাগত শরণার্থীদের প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং<br>অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সংক্রান্ত টাস্কফোর্স |
| স্থান | : সার্কিট হাউজ সম্মেলন কক্ষ, রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| তারিখ | : ২৬ ফেব্রুয়ারি ২০১৫ |
| সময় | : সকাল ১১:০০টা |
| উপস্থিতি বিবরণী | : পরিশিষ্ট-ক |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলের সাথে পরিচিত হন। অতঃপর সভায় উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ পর্যায়ে তিনি সার্বিক পরিস্থিতির কারণে নির্ধারিত সময়ে সভা করতে না পারায় আন্তরিক দুঃখ প্রকাশ করেন। স্বাগত বক্তব্য শেষে কার্যবিবরণী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য-সচিবকে অনুরোধ জানানো হয়।

১। জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্, সদস্য সচিব, টাস্কফোর্স এবং বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম পূর্ববর্তী সভার ১ নম্বর আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্য জনাব সন্তোষিত চাকমা, সাধারণ সম্পাদক, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, খাগড়াছড়ি উপস্থাপিত কার্যবিবরণীর ৮(বিবিধ) এর বাবুছড়ায় প্রস্তাবিত বিজিবি ক্যাম্প সংক্রান্ত বিষয়ে আপত্তি উত্থাপন করেন। বিশেষত টাস্কফোর্সের "করণীয় কিছু নেই" বিষয়ে আপত্তি উত্থাপন করেন। বিজিবি ক্যাম্প স্থাপনের বিষয়টি পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে অবহিত করার সিদ্ধান্ত গ্রহণপূর্বক বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

২। <u>অভ্যন্তরীণ উদ্বাস্তু সংক্রান্ত আলোচনাঃ</u>

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী অভ্যন্তরীণ উদ্বাস্তু সংক্রান্ত আলোচনা ও মতামতের জন্য সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে জনাব কৃষ্ণ চন্দ্র চাকমা, প্রধান নির্বাহী কর্মকর্তা, টাস্কফোর্স কার্যালয় জানান যে, অভ্যন্তরীণ উদ্বাস্তুদের যে তালিকা পাওয়া গিয়েছে তাতে যথেষ্ট ভুল রয়েছে। একই ব্যক্তির নাম কয়েক জায়গায় উল্লেখ রয়েছে। তবে নির্ধারিত ফরম/ছক মোতাবেক কোন তালিকা পাওয়া যায়নি।

জনাব এস,এম শফি, সদস্য, টাস্কফোর্স জানান, জেলা প্রশাসকের কার্যালয়ে নির্ধারিত ফরম ছিল। সে মোতাবেক অভ্যন্তরীণ উদ্বাস্তুদের তালিকা টাস্কফোর্স বরাবর সরবরাহ করা হলে পরবর্তি কার্যক্রম গ্রহণ সহজ হবে।

সিদ্ধান্তঃ প্রাপ্ত তালিকা যাচাই-বাছাইক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা, টাস্কফোর্স মতামত প্রদান করবেন।

বাস্তবায়নঃ চেয়ারম্যান, টাস্কফোর্স, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৩। <u>স্বেচ্ছায় ভারত প্রত্যাগত শরণার্থীদের পুনর্বাসন সংক্রান্তঃ</u>

প্রধান নির্বাহী কর্মকর্তা, টাস্কফোর্স কার্যালয়, খাগড়াছড়ি স্বেচ্ছায় ভারত প্রত্যাগত শরণার্থীদের পূর্ণাংগ তালিকা পাওয়া যায়নি মর্মে সভাকে অবহিত করেন।

জনাব সন্তোষিত চাকমা, সাধারণ সম্পাদক, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, খাগড়াছড়ি জানান, পার্বত্য চট্টগ্রাম ও বিশ দফা চুক্তির আওতায় ভারত প্রত্যাগত শরণার্থীরা যে রকম সুবিধা পাবে, স্বেচ্ছায় প্রত্যাগত শরণার্থীরাও সেরকম সুবিধা পাবে।

সিদ্ধান্তঃ স্বেচ্ছায় ভারত প্রত্যাগত শরণার্থীদের পূর্ণাংগ তালিকা পাওয়ার পর তা যাচাই-বাছাইক্রমে প্রস্তাবনা আকারে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। প্রধান নির্বাহী কর্মকর্তা, টাস্কফোর্স কার্যালয়, আগামী সভায় বিষয়টি উপস্থাপন করবেন।

বাস্তবায়নঃ চেয়ারম্যান, টাস্কফোর্স ও প্রধান নির্বাহী কর্মকর্তা, টাস্কফোর্স খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৪। <u>জনবল নিয়োগঃ</u>

সভাপতি টাস্কফোর্সের কার্যক্রমকে আরও গতিশীল করা এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত জনবল নিয়োগের বিষয়টি অত্যন্ত জরুরি মর্মে মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা, টাস্কফোর্স কার্যালয় জানান, প্রস্তাবিত নিয়োগ বিধিমালার বাইরে সমন্বয়কারী(২য় শ্রেণি) সহ পাঁচটি পদ রয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে আউট সোর্সিং এর মাধ্যমে লোক নিয়োগে খাগড়াছড়িতে জনবল পাওয়া যাচ্ছে না। তাছাড়া টিওএন্ডই-তে গাড়ি চালকের পদ নেই। টিওএন্ডই-তে গাড়ি চালকের পদ থাকলে ভাল হয়।

সদস্য সচিব, টাস্কফোর্স ও বিভাগীয় কমিশনার, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্ জানান, আউট সোর্সিং এর ক্ষেত্রে যেকোন জায়গা থেকে লোক নিয়োগ করা যাবে। বরাদ্দ থাকলে আউট সোর্সিং এর মাধ্যমে কাজ শুরু করা ভাল।

জনাব মানিক লাল বণিক, যুগ্মসচিব পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় জানান, আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের সার্ভিস ভাল বলে পরিলক্ষিত হচ্ছে।

সিদ্ধান্তঃ আউট সোর্সিং এর মাধ্যমে লোক নিয়োগের মেয়াদ ৩১ মে, ২০১৫ পর্যন্ত রয়েছে। এ বিষয়ে টাস্কফোর্স কার্যালয় খাগড়াছড়িকে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

বাস্তবায়নঃ সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও চেয়ারম্যান, টাস্কফোর্স ।

৫। **ঋণ মওকুফ সংক্রান্তঃ**

২০ দফা প্যাকেজের ধারা ৮ ও পার্বত্য চট্টগ্রাম চুক্তির ঘ খন্ডের ৭ নং ধারা অনুযায়ী অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সরকারি ব্যাংক, ধারা ৯ অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড থেকে গৃহীত ঋণ মওকুফ এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। ঋণ মওকুফ সংক্রান্ত প্রাপ্ত তালিকা যাচাই-বাছাই করতে হবে মর্মে প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন।
সাধারণ সম্পাদক, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, খাগড়াছড়ি পার্বত্য জেলা জানান, পাঁচ হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণ মওকুফের বিধান রয়েছে। ২০ দফা প্যাকেজের ৮ নং ধারা মোতাবেক বাকি ঋণ ও মওকুফ করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন। এছাড়া যারা ঋণ পরিশোধ করেছেন তাঁদের টাকা ফেরত প্রদানের দাবি করেন।

সদস্য সচিব, টাস্কফোর্স ও বিভাগীয় কমিশনার, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্ জানান, ব্যাংক ঋণ পরিশোধ করা হলে তা ফেরত পাওয়া যাবে না। পার্বত্য আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান ও পার্বত্য জনসংহতি সমিতির সভাপতি, শ্রী জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা(সন্তু লারমা) ও একই মত ব্যক্ত করেন।

সিদ্ধান্তঃ ঋণ মওকুফ বিষয়ে টাস্কফোর্স ব্যবস্থা গ্রহণ করবে। গৃহীত ঋণ-কে কৃষি ঋণ, অন্যান্য সরকারি ব্যাংক হতে গৃহীত ঋণ, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড থেকে গৃহীত ঋণ এই তিন ক্যাটাগরিতে বিভক্ত করে সকল ঋণ গ্রহীতার তালিকা প্রণয়ন করতে হবে। এ সংক্রান্ত তথ্য সভাপতি, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও জেলা প্রশাসক খাগড়াছড়ি পার্বত্য জেলা টাস্কফোর্সকে প্রদান করবে।

বাস্তবায়নঃ ১। চেয়ারম্যান, টাস্কফোর্স ২। জেলা প্রশাসক খাগড়াছড়ি ও ৩। সভাপতি, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।

৬। **ফৌজদারি মামলায় দন্ড প্রাপ্তদের সাধারণ ক্ষমা ঘোষণা সংক্রান্তঃ**

২০ দফা প্যাকেজের ধারা-১৮ অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির পূর্বের সকল ফৌজদারি মামলায় দন্ড প্রাপ্তদের সাধারণ ক্ষমা ঘোষণা করার প্রেক্ষিতে মামলা প্রত্যাহার বিষয়ে আলোচনা করা হয়। জনাব সন্তোষিত চাকমা, সাধারণ সম্পাদক, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, খাগড়াছড়ি জানান, খাগড়াছড়িতে এ সংক্রান্ত তিনটি মামলা রয়েছে, যার তালিকা প্রধান নির্বাহী, টাস্কফোর্স বরাবর প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ প্রধান নির্বাহী, টাস্কফোর্স জেলা ম্যাজিস্ট্রেটত্রয়ের সাথে আলাপপূর্বক বিগত ২৯.০৯.২০১৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

বাস্তবায়নঃ চেয়ারম্যান, টাস্কফোর্স ও জেলা ম্যাজিস্ট্রেট রাংগামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি

৭। **টাস্কফোর্সের সভা অনুষ্ঠান সংক্রান্তঃ**

আগামী এপ্রিলের শেষ সপ্তাহে টাস্কফোর্সের পরবর্তী সভা অনুষ্ঠানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নঃ চেয়ারম্যান, টাস্কফোর্স

৮। **টাস্কফোর্সের কার্যপরিধি সংক্রান্তঃ**

সভাপতি জানান, প্রত্যাগত শরণার্থীদের রেশন দেয়া হয় এবং রেশনসমূহ ঠিকমত দেয়া হচ্ছে কিনা, কী কী প্রজেক্ট গৃহীত হচ্ছে, প্রজেক্ট কারা পরিচালনা করছে তাও টাস্কফোর্স জানে না অথচ কোন সমস্যার উদ্ভব হলে টাস্কফোর্স-কে জবাবদিহি করতে হয়। এ বিষয়ে টাস্কফোর্সের কার্যপরিধির বিষয়ে সবার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্তঃ টাস্কফোর্সের কার্যপরিধি সংশোধনের বিষয়ে সকল সদস্য আগামী সভায় মতামত প্রদান করবেন।

বাস্তবায়নঃ চেয়ারম্যান, টাস্কফোর্স ও সদস্য(সকল), টাস্কফোর্স

৯। **প্রত্যাগত শরণার্থীদের চাকরিতে পুনর্বহাল এবং চাকুরিতে জ্যেষ্ঠতা প্রদান সংক্রান্তঃ**

প্রত্যাগত শরণার্থীদের চাকরিতে পুনর্বহাল এবং চাকুরিতে জ্যেষ্ঠতা প্রদান সংক্রান্ত বিষয়ে সভায় আলোচনা করা হয়। জনাব সন্তোষিত চাকমা, সাধারণ সম্পাদক, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, খাগড়াছড়ি জানান, চাকরিতে পুনর্বহালের জন্য ০৭(সাত) জন আবেদন করেছেন। যা প্রধান নির্বাহীর কাছে জমা দেয়া হয়েছে। তিনি আবেদনকারীদের চাকরিতে পুনর্বহালের দাবি জানান।

সিদ্ধান্তঃ বিষয়টি মন্ত্রণালয়ের এক্তিয়ারাধীন। পুনর্বহালের আবেদনসমূহ যাচাই-বাছাই করে প্রধান নির্বাহী কর্মকর্তা আগামী সভায় সুনির্দিষ্ট সুপারিশসহ উপস্থাপন করবেন।

বাস্তবায়নঃ চেয়ারম্যান, টাস্কফোর্স, খাগড়াছড়ি পার্বত্য জেলা

১০। বিবিধঃ

(ক) জেলা প্রশাসক, খাগড়াছড়ি জানান, তাঁর অফিসের কর্মচারীরাও টাস্কফোর্সের কাজ করে। তাদের বসার জন্য প্রয়োজনীয় জায়গা নেই। টাস্কফোর্স থেকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হলে জেলা প্রশাসকের কার্যালয়ের উপরে আলাদা কিছু রুমের ব্যবস্থা করা যেতে পারে।

সিদ্ধান্তঃ জেলা প্রশাসক এ বিষয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করবেন এবং অনুলিপি চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি-কে প্রদান করবেন।

বাস্তবায়নঃ জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা

(খ) জনাব সন্তোষিত চাকমা, সাধারণ সম্পাদক, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, খাগড়াছড়ি বলেন, পানছড়ি উপজেলায় প্রতি তিন মাস অন্তর যে রেশন বরাদ্দ দেয়া হয়, তাতে ৪৯২ ইউনিটে ০৯.৩৩৩ মে.টন চাল কম দেয়া হচ্ছে। এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করলে ভাল হয়।

সিদ্ধান্তঃ প্রধান নির্বাহী কর্মকর্তা, টাস্কফোর্স জেলা প্রশাসক এর সাথে আলোচনাপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

বাস্তবায়নঃ ১। চেয়ারম্যান, টাস্কফোর্স ২। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও ৩। সভাপতি, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(গ) জেলা প্রশাসক, বান্দরবান টাস্কফের্সের কার্যপরিধিতে জেলা প্রশাসকদের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে সভায় আলোকপাত করেন। চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে জেলা প্রশাসকগণই যেহেতু যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে থাকে সেহেতু টাস্কফোর্সে জেলা প্রশাসকদের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন।

জেলা প্রশাসক, রাংগামাটি জানান, পার্বত্য চুক্তিতে টাস্কফোর্স গঠনের বিষয়ে কিছু ছিল না। তাছাড়া টাস্কফোর্সে জেলা প্রশাসকদের অন্তর্ভুক্ত করলে তা চুক্তির সাথে সাংঘর্ষিক হবেনা।

চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি জানান, জেলা প্রশাসকদের টাস্কফোর্সে অন্তর্ভুক্ত করলে ভাল হয়।

সদস্য সচিব, টাস্কফোর্স ও বিভাগীয় কমিশনার, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ্ জানান টাস্কফোর্সে জেলা প্রশাসকদের অন্তর্ভুক্ত করলে তা পার্বত্য চুক্তির সাথে সাংঘর্ষিক হবে না। এ বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করা হয়।

জনসংহতি সমিতির সভাপতি, শ্রী জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা(সন্তু লারমা)-কে সভাপতি এ বিষয়ে কিছু বলার অনুরোধ জানালে তিনি বলেন- সবকিছু বিবেচনা করেই টাস্কফোর্স গঠন করা হয়েছে। এ বিষয়ে ব্যক্তিগতভাবে কিছু বলা ঠিক হবেনা। সবার সাথে আলোচনা করে এ বিষয়ে জানালে ভাল হয়।

জনাব এস, এম, শফি, সদস্য, জানান যে, টাস্কফোর্স গঠন হওয়ার পর হতে তিনি এর সাথে জড়িত রয়েছেন। টাস্কফোর্সের সদস্য হিসেবে জড়িত থাকায় আগত জনগণের ঠিকমত সেবা করা যাচ্ছে না। এক্ষেত্রে বেসরকারি সদস্যদের মাসিক সম্মানীর ব্যবস্থা করার বিষয়ে সভায় আলোকপাত করেন। জনাব সন্তোষিত চাকমা, সাধারণ সম্পাদক, পার্বত্য চট্টগ্রাম জুম্ম শরণার্থী কল্যাণ সমিতি, একই মত ব্যক্ত করেন।

সিদ্ধান্তঃ টাস্কফোর্সের ০২ জন বেসরকারি সদস্য-কে মাসিক ১৫০০০/-(পনের হাজার) টাকা ভাতা প্রদান এবং সভার প্রত্যেক সদস্য-কে সভায় উপস্থিত থাকলে সম্মানী প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

বাস্তবায়নঃ সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও সভাপতি, টাস্কফোর্স।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(যতীন্দ্র লাল ত্রিপুরা)
চেয়ারম্যান(প্রতিমন্ত্রীর পদমর্যাদা)
ভারত প্রত্যাগত শরণার্থীদের প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং
অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সংক্রান্ত টাস্কফোর্স
ফোনঃ ০৩৭১-৬১৭৫৯(অ), ০৩৭১-৬২৪২৪(বা)
E-mail: taskforce 97cht@yahoo.com
Jtripura.cht@gmail.com

স্মারক নম্বর- ০০.৪২.০২৯.০৩১.১২.০০২.১৫-৬৮৪(১৫), তারিখঃ ২৭ এপ্রিল ২০১৫

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ
(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। জিওসি, ২৪ পদাতিক ডিভিশন, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম

৫-৭। জেলা প্রশাসক, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা

৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত শরণার্থীদের প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সংক্রান্ত টাস্কফোর্স, খাগড়াছড়ি

৯-১১। চেয়ারম্যান, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

১২। সভাপতি, পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতি, রাংগামাটি পার্বত্য জেলা

১৩। জনাব ............................................

সদস্য/প্রতিনিধি, ভারত প্রত্যাগত শরণার্থীদের প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সংক্রান্ত টাস্কফোর্স

১৪। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ঢাকা

১৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ভারত প্রত্যাগত শরণার্থীদের প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সংক্রান্ত টাস্কফোর্স, খাগড়াছড়ি পার্বত্য জেলা

২৭.০৪.২০১৫


(মোহাম্মদ আব্দুল্লাহ)
বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
ও
সদস্য সচিব
ভারত প্রত্যাগত শরণার্থীদের প্রত্যাবাসন ও পুনর্বাসন এবং
অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সংক্রান্ত টাস্কফোর্স
☎০৩১ ৬১৫২৪৭, 🖷০৩১ ৬১৭৪০০
Email: divcomchittagong@mopa.gov.bd